# জীবন একটি মূল্যবান সম্পদ

## মূল সত্য

জীবন একটি
মূল্যবান সম্পদ

## বাইবেলের পদ

“মায়ের গর্ভে তুমিই আমার দেহের
অংশগুলো একসংগে বুনেছ।”
**- গীত ১৩৯:১৩**

## পাঠের শুরু

জীবনের অলৌকিক
ঘটনা

## বাইবেলের গল্প

লাসারের বেঁচে উঠা
- যোহন ১১:১-৪৪

## সম্পর্কযুক্ত গল্প

ড্যান্ডিলায়ন ড্যানিয়েলা

নবজন্ম রূপান্তর
বিজয় মিনিস্ট্রিজ

# পাঠের উদ্দেশ্যঃ

জীবন একটি ঐশ্বরিক অলৌকিক ঘটনা যা সত্যিই খুব কম লোকই বোঝে। অনেক পুরুষ এবং মহিলা বিশ্বাসকরে যে তারা কীভাবে তাদের জীবন যাপন করে এবং তারা বেঁচে থাকে বা মারা যায় তা বেঁছে নেওয়ার অধিকার তাদের রয়েছে, এটি একান্তই তাদের নিজস্ব বিষয়। কেউ কেউ এমন কি মনে করেন অন্য মানুষের জীবনের উপর তাদের এই একই অধিকার রয়েছে। এই কারণেই আমরা খবরে শুনি বা দেখি যে কাউকে অন্য কারোর মাধ্যমে হত্যা করা হয়েছে বা একজন মহিলা তার অনাগত সন্তানের জীবন শেষ করার সিদ্ধান্ত নিয়েছে।


এই পাঠের উদ্দেশ্য হল শিশু এবং কিশোর-কিশোরীদের নিজেদের ও অন্যদের উভয়ের জীবনের মূল্য সম্পর্কে ধারণাটি পরিবর্তন করা। এটি তাদের মধ্যে এই সত্যটিও স্থাপন করবে যে তাদের জীবন অমূল্য। পাঠের শেষে, তারা শিখবে যে তাদের জীবন ঈশ্বরের কাছ থেকে একটি উপহার এবং এটিকে সবচেয়ে মূল্যবান সম্পদ হিসাবে বিবেচনা করা উচিত।



## প্রয়োজনীয় উপকরণ


### পাঠের শুরুঃ

একটি মানব ভ্রূণের ছবি, শিক্ষকের নিজের ছোট বেলার ছবি (বা অন্য কারো), একটি গুপ্তধনের বাক্স




### বাইবেলের গল্পঃ

যীশু, মেরি, মার্থা, দুইজন শিষ্য এবং আরও দু'জন লোকের পোশাক, একটি চিঠি, লাসারের জন্য ব্যান্ডেজ, একটি বড় কার্ডবোর্ডের তৈরি পাথর



### সম্পর্কযুক্ত গল্পঃ

স্লাইড



বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

## পাঠের শুরু

সক্রিয়

# জীবনের আলৌকিক ঘটনা



*(শিক্ষক গুপ্তধনের বাক্স নিয়ে প্রবেশ করবেন)* তোমাদের মধ্যে অনেকেই হয়তো কখনোই সত্যিকারের গুপ্তধন দেখ নাই। আমিও শুধুমাত্র পাইরেটস মুভিতে এগুলো দেখেছি যখন তারা গুপ্তধনের বাক্সটি দেখিয়েছিল যা সোনার কয়েন, স্বর্ণালোংকার এবং এই রকম আরো অনেক জিনিস দিয়ে পূর্ণ। কিন্তু আমার কাছে যে গুপ্তধন আছে তা মুভিতে দেখানো গুপ্তধনের চেয়েও বেশি দামি ও মূল্যবান। *(শিক্ষক বাক্সের দিকে নির্দেশ করবেন)* এই বাক্সের মধ্যে রয়েছে আমার সেই গুপ্তধন। কোন ব্যক্তির জন্য এটিই হচ্ছে সবচেয়ে মূল্যবান উপহার যা একমাত্র ঈশ্বরই দিতে পারেন। আমার গুপ্তধনটি হচ্ছে... *(শিক্ষক শিশুর ছবিটি বের করে আনবেন)* আমি নিজেই! যখন আমি ছোট শিশু ছিলাম এটি আমার তখনকার ছবি। যখন আমি জন্মগ্রহন করলাম তখন ঈশ্বর আমাকে সবচেয়ে বড় উপহারটি দিলেন- জীবন। ঈশ্বর ও আমার মাকে ধন্যবাদ যে তারা আমাকে জন্ম দেয়ার সিদ্ধান্ত নিয়েছেন এবং জীবন দিয়েছেন। **আমাদের সবচেয়ে মূল্যবান উপহার/ধন হচ্ছে আমাদের জীবন।** আর একই উপহার তোমারও রয়েছে।

*(শিক্ষক একটি মানব ভ্রুনের ছবি বের করবেন)* এখন, তোমরা কি জান এটা কি? বিশ্বাস কর আর নাই কর, এটাও একটি শিশুর ছবি। ওয়াও! এটা কি দারুন তাই না? বিজ্ঞানের ভাষায় এটিকে মানব ভ্রুন বলা হয়। তোমার মা যখন তোমাকে পেটে ধরেছেন এবং ঈশ্বর জীবন দিয়েছেন তখন তুমি দেখতে এই রকমই ছিলে। এখান থেকে ঈশ্বর তোমার শরীরকে একটু একটু করে গঠন করতে শুরু করেছেন। *(শিক্ষক মানব ভ্রুনের উন্নতির ছবিগুলো দেখাবেন)* একেবারে শুরুতে, তুমি ১মিলিমিটারও লম্বা ছিলে না। আজকে হয়তো তুমি ১ মিটার বা তারও বেশি লম্বা হয়ে গেছো। এটি খুব চমৎকার বিষয় যে ছোট কোন কিছুতেও জীবন রয়েছে। ঈশ্বরই তোমাকে জীবন দিয়েছেন, এবং ভ্রুন নষ্ট করে বা শিশুর জীবন নষ্ট করে দিয়ে সেই জীবন কেড়ে নেয়ার অধিকার কারও নেই। দেখ, ঈশ্বর তাঁর বাক্যে কি বলেছেন।

**আজকের বাইবেলের পদঃ**
**"মায়ের গর্ভে তুমিই আমার দেহের অংশগুলো একসংগে বুনেছ।" - গীতসংহিতা ১৩৯ঃ১৩**

**উদাহরণ**

- **যখন তুমি ভাল খাবার খাও এবং তোমার শরীর পরিস্কার কর, তখন তুমি তোমার উপহারের যত্ন নাও।**
- **যখন তুমি কোন বৃদ্ধ লোককে ভারি কিছু বহন করতে সাহায্য কর, তখন তুমি তাদেরকে সাহায্য করছো যেন তারা তাদের উপহারের যত্ন নেয়, যাতে তারা নিজেদের ব্যাথা না দেয়।**

তোমার জীবন হচ্ছে তোমার সবচেয়ে দামী উপহার। **ঈশ্বর তোমাকে জীবন দিয়েছেন যেন তুমি ভাল কিছু কর এবং তাঁর জন্য জীবন-যাপন কর।** দুর্ভাগ্যক্রমে, এমন অনেক শিশু রয়েছে যাদের কাছ থেকে তাদের জীবনকে কেড়ে নেয়া হয়েছে এমনকি কারো কারো জন্মের আগেই। তাই আজকে তুমি এখানে বসে আছ এবং তোমার কাছে পৃথিবীর সবচেয়ে মূল্যবান উপহার রয়েছে সেই জন্য সত্যিই তুমি আশির্বাদপ্রাপ্ত। তাই এর কোন ক্ষতি না করে বরং যত্ন নেয়ার মধ্যে দিয়ে এটিকে রক্ষা কর। সেই সাথে তুমি অন্যদের প্রতি দয়া দেখিয়ে, তাদেরকে সাহায্য করে এবং তাদের সাথে সময় কাটানোর মধ্যে দিয়ে তাদের জীবনকেও রক্ষা করতে পার কারণ তোমার জীবন ও অন্যদের জীবনও ঈশ্বরের কাছ থেকে একটি অমূল্য সম্পদ। **যখন ঈশ্বর তোমাকে জীবন দিয়েছেন তখন তিনি তোমাকে পৃথিবীর সবচেয়ে মূল্যবান সম্পদ টি দিয়েছেন। তাই, তাঁকে তোমার ধন্যবাদ জানানো উচিত এবং অন্য সবকিছুর চেয়ে এটির যত্ন নেয়া দরকার কারণ তোমার জীবন একটি মূল্যবান সম্পদ।**

### উপকরণ

মানব ভ্রুনের ছবি, শিক্ষকের শিশু সময়কার ছবি (অথবা অন্য কারো ছবি) একটি গুপ্তধনের বা উপহারের বাক্স



**বিজয় মিনিস্ট্রিজ** এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# বাইবেলের গল্প

দৃষ্টান্ত

## লাসারের বেঁচে উঠা - যোহন ১১ঃ১-৪৪

বাইবেলে এমন একটি গল্প রয়েছে যা প্রমান করে যে ঈশ্বরের বিষ্ময়কর ক্ষমতা রয়েছে এবং আমাদেরকে স্মরণ করিয়ে দেয় যে তিনিই একমাত্র যিনি আমাদেরকে জীবন দিতে পারেন।

*(একটি চিঠি পড়তে পড়তে শিষ্যদেরকে নিয়ে যীশুর প্রবেশ)* একদিন যখন যীশু বাহিরে প্রচার করছিলেন, তখন তিনি একটি খবর পেলেন যে তাঁর বন্ধু লাসার অসুস্থ। এই খবরটি লাসাসের বোন মরিয়ম ও মার্থা যীশুর কাছে পাঠিয়েছিল। যীশু মার্থা, মরিয়ম ও লাসারকে খুব ভালবাসতেন, কিন্তু খবর শোনা মাত্রই তাদের বাড়ীতে না গিয়ে তিনি যেখানে ছিলেন সেখানে আরো দুই দিন থেকে গেলেন। যখন যীশু তাঁর অসুস্থ বন্ধু লাসারকে দেখতে যাওয়ার জন্য প্রস্তুত হলেন তখন তিনি তাঁর শিষ্যদের বললেন যে লাসার ঘুমিয়ে আছে এবং তিনি সেখানে তার ঘুম ভাঙ্গানোর জন্য যাচ্ছেন। প্রথম দিকে শিষ্যরা মনে করেছিলো যে লাসার মনে হয় বিশ্রাম নিচ্ছে কিন্তু পরে যীশু তাদেরকে ব্যাখ্যা করে বললেন যে লাসার মারা গেছে। এরপর তারা সবাই মিলে লাসারের বাড়ীর দিকে গেল।

*(যীশু ও তাঁর শিষ্যরা হেঁটে মার্থা ও মরিয়মের কাছে যাবেন)* যখন যীশু লাসারের বাড়ীতে গিয়ে পৌছালেন, সেখানে মার্থা ও মরিয়মকে সান্তনা দেয়ার জন্য অনেক লোক বসে ছিল। তারা যীশুকে বললেন যে লাসারকে একটি গুহার মধ্যে কবর দেয়া হয়েছে এবং সেটাও চার দিন হয়ে গেছে। মার্থা ও মরিয়ম খুবই দুঃখিত ছিল আর যখন তারা যীশুকে দেখলো তখন তাঁকে বলল যে সে যদি আরো আগে আসতেন তাহলে তার ভাই লাসার মারা যেত না। সেইজন্য যীশু তাদেরকে বললেন যে তাদের ভাই আবার জীবিত হয়ে উঠবে, এবং তারা সেই কবরের কাছে গেলো যেখানে লাসারকে কবর দেয়া হয়েছিল। একটি বড় পাথর দিয়ে কবরের দরজাটা আটকানো ছিল, তাই যীশু লোকদেরকে বললেন যেন তারা পাথরটি সরিয়ে ফেলে। এরপর তিনি প্রার্থনা করলেন। *(প্রার্থনা শেষ করে তিনি উচ্চস্বরে বললেন, “লাসার! কবর থেকে বের হয়ে আস!” (পাথরটি সরে গেল, লাসার বের হয়ে আসলো)* সঙ্গে সঙ্গে লাসার কবর থেকে বের হয়ে আসলেন! **তখনও তার গায়ে কবরের কাপড় জড়ানো ছিল কিন্তু সে জীবিত ছিল!** এরপর যীশু কিছু লোকদেরকে বললেন যেন তারা তার কাপড় খুলে দেয়।

***থাক!*** *(শিক্ষক লাসারের পাশে দাড়াবেন)* যখন যীশু সেখানে পৌছান তখন লাসার ইতিমধ্যেই মৃত ছিল, তাই মনে হচ্ছে যে যীশু মনেহয় দেরি করে এসেছেন। কিন্তু আসলে তা নয়! ঈশ্বর তাঁর প্রার্থনা শুনলেন এবং লাসারকে আবার জীবন দিলেন! **এটি সত্যিই খুব চমৎকার বিষয় কারণ ঈশ্বরই একমাত্র জীবন দিতে পারেন, এবং লাসার তার মূল্যবান সম্পদ দ্বীতিয়বার ফিরে পেল!** আমি নিশ্চত যে সে খুবই উত্তেজিত ছিল কারণ সে ঈশ্বরের জন্য জীবন যাপন করতে তার সর্বোচ্চ চেষ্টা করেছিল। **ঈশ্বর চান যেন তুমিও তাই কর কারণ তোমার জীবনও অনেক মূল্যবান সম্পদ।**

**আজকের বাইবেলের পদ বলেঃ**
**“মায়ের গর্ভে তুমিই আমার দেহের অংশগুলো একসংগে বুনেছ।” - গীতসংহিতা ১৩৯ঃ১৩**

**উদাহরণ**

- **তোমার শরীর ও মনকে মাদক দিয়ে নষ্ট করে দিও না কারণ তোমার জীবন খুবই মূল্যবান সম্পদ।**
- **যদি তোমার কোন বন্ধু তোমাকে ভয় দেখায় বা কোন ক্ষতিকর খেলায় অংশ নিতে বলে যা তোমাকে আঘাত করতে পারে বা মেরে ফেলতে পারে, সেটি করো না। মনেরেখ, তোমার জীবন ঈশ্বরের কাছ থেকে পাওয়া একটি উপহার, তাই তার যত্ন নাও।**

বেশিরভাগ লোক লাসারের মত দ্বীতিয় সুযোগ পায় না। **তাই তোমার নিজের জীবনের যত্ন নাও, অন্যদের জীবনকেও সম্মান কর কারণ প্রত্যেকের জীবনটা খুবই মূল্যবান সম্পদ।**

**উপকরণ**

যীশুর পোষাক, মরিয়ম, মার্থা, দুইজন শিষ্য, একটি চিঠি, লাসারের ব্যানডেজ, একটি বড় কাঠের বোর্ড যা দেখতে পাথরের মত মনে হবে



বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# সম্পর্কযুক্ত গল্প

## হলুদ ফুল ড্যানিয়েলা

১ আমেরিকার প্রায় প্রত্যেকটি বাড়ীর সামনে হাঁটার জন্য সবুজ কিছু জায়গা থাকে। কিন্তু একজন প্রতিবেশীর ঘরের সামনের জায়গাটি অনেক শুকনা ছিল। সেখানে কোন সবুজ ঘাস ছিল না কিন্তু সেখানে কিছু হলুদ ফুল ছিল আর তারাও মারা যাচ্ছিল কারণ তাদের যথেষ্ট জল ছিল না। ঐ ফুলগুলোর মধ্যে একটি ফুলের নাম ছিল ড্যানিয়েলা।



২ ড্যানিয়েলা মরতে চাইছিল না। তারপরিবর্তে, সে এমন একটি জায়গা চাচ্ছিল যেখানে সে বাঁচতে পারে। সে লক্ষ্য করলো যে রাস্তার অন্যপাশে একটি জায়গা আছে যেখানে অনেক ঘাস আছে এবং সেখানে জলও আছে। ড্যানিয়েলা চিন্তা করলো, "যদি আমরা রাস্তার ঐপাড়ে যেতে পারি তাহলে আমরা বেঁচে যাব!" যখন সে তার বন্ধুদেরকে এই কথা বলল তারা তার কথা শুনতে চায় নি কারণ তারা আশা ছেড়ে দিয়েছিল। সে তাদেরকে উৎসাহিত করলো যেন তারা তার কথা শোনে কিন্তু তারা চেষ্টা করতেও ইচ্ছুক ছিল না।



৩ ড্যানিয়েলা তার জীবন বাঁচাতে চেয়েছিল এবং সে তার বন্ধুদের জীবনও বাঁচাতে চেয়েছিল। **তাই সে সিদ্ধান্ত নিল যে সে তার জীবনের জন্য যুদ্ধ করবে।** সে নিজের শিকড় ধরে জোরে জোরে টানতে লাগলো যতক্ষন পর্যন্ত না তা উঠে আসলো।



৪ যখন তার শিকড় বেড় হয়ে আসলো, কিছু সময়ের জন্য সে খুবই ভয় পেয়ে গেল। সে চিন্তা করছিল হয়তো সে মারা যাবে কারণ তখন বাইরে খুবই গরম ও সূর্যের তাপ ছিল। কিন্তু যখনই সে সামনে সবুজ ঘাসের দিকে তাকালো তার সমস্ত ভয় চলে গেল, এবং সে তার প্রথম পারাস্তার উপরে ফেললো। এটা এতটাই গরম ছিল যে তা তার শিকড়কে পুড়িয়ে দিচ্ছিল।



বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# সম্পর্কযুক্ত গল্প

চাষ করা

# হলুদ ফুল ড্যানিয়েলা

৫ কয়েক সেকেন্ডের জন্য ড্যানিয়েলা তাদের সেই শুকনা জমিতে ফিরে গেলো। কিন্তু, যখনই সে তার বন্ধুদের দেখলো, সে চিন্তা করলো, “আমাকে এটি করতেই হবে! তাহলেই হয়তো আমার বন্ধুরা আমাকে অনুসরণ করবে।” তাই সে আবার ফিরে দাড়ালো, রাস্তার দিকে হাটতে শুরু করলো এবং বড় বড় করে পা ফেলতে লাগলো। যখন সে রাস্তার মাঝামাঝি গিয়ে পৌছালো, সে কয়েক সেকেন্ডের জন্য থামলো। তার শিকড়গুলোর অবস্থা খুবই খারাপ হয়ে গেল এবং তার এতই ব্যাথা করছিল যে ড্যানিয়েলা কয়েক সেকেন্ডের জন্য মাটিতে পড়ে গেল।



৬ যদিও তার অনেক কষ্ট হচ্ছিল কিন্তু ড্যানিয়েলা দৃঢ় প্রতিজ্ঞ ছিল যে সে ছেড়ে দেবে না। তাই সে তার শুকনা পাতা ও পোড়া শিকড় দিয়ে নিজেকে রাস্তার ঐপাশে নেয়ার চেষ্টা করতে লাগলো। সামনের দিকে এগিয়ে যাওয়ার সময় তার কিছু পাতা ও ডাল পুড়তে শুরু করলো। স্বাভাবিক তুলনায় সূর্য অনেক বেশি গরম ছিল এবং ড্যানিয়েলা জানতো যে অন্যপাশের জলই একমাত্র তাকে বাঁচাতে পারে। তাই সে তার সমস্ত শক্তি দিয়ে নিজেকে সামনের দিকে ঠেলতে লাগলো।



## শিক্ষা

ড্যানিয়েলা জানতো যে তার জীবন একটি অমূল্য সম্পদ, এবং সে তা কোন ভাবেই হারাতে চায় নি। কিন্তু, সেই সাথে সে এটাও জানতো যে আর কোন হলুদ ফুল জীবিত থাকবে না যদি না তারা রাস্তার ঐপাড়ে পৌছাতে পারে। সেইজন্য সে খুবই চেষ্টা করতে লাগলো যেন তার বন্ধুরা বিষয়টি বুঝতে পারে এবং নিজেদেরকে রাস্তার ঐপাড়ে নিয়ে যায়। **ড্যানিয়েলার মত তুমিও তোমার জীবনকে ভালবাসতে পার ও যত্ন নিতে পারে কারণ তোমার জীবন ঈশ্বরের কাছ থেকে পাওয়া একটি মূল্যবান সম্পদ।**

**স্মরণ কর বাইবেলের পদটি কি বলেঃ**
**“মায়ের গর্ভে তুমিই আমার দেহের অংশগুলো একসংগে বুনেছ।” - গীতসংহিতা ১৩৯ঃ১৩**

**উদাহরণ**

- **তোমার পরিবারকে ভালবাস এবং তাদের প্রতি কৃতজ্ঞ থাক। তুমি জানোনা যে তারা কতদিন জীবিত থাকবে, এখানে বয়সের কোন বিষয় নাই। জীবন একটি মূল্যবান সম্পদ তাই তাদের সাথে এটি উপভোগ কর।**
- **যদি তোমার হতাশা থাকে, তখন হাত পা কেটে নিজেকের কষ্ট দিও না। তারপরিবর্তে, তোমার বাবা-মা, শিক্ষক বা আমাদের কারোর জন্য কথা বল যাতে আমরা তোমাকে সাহায্য করতে পারি কারণ তোমার জীবন একটি মূল্যবান সম্পদ।**

ড্যানিয়েলা তার বন্ধুদেরকে ভালবাসতো এবং জানতো যে তাদের জীবন খুবই মূল্যবান। সেই জন্য সে জলের খোঁজে গিয়েছিল যেন তারা সবাই বেঁচে থাকতে পারে।

বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

## সম্পর্কযুক্ত গল্প

# হলুদ ফুল ড্যানিয়েলো

৭ ড্যানিয়েলো যখন প্রায় মারা যাচ্ছিল তখন সে রাস্তার অন্যপাশ থেকে মাত্র কয়েক সেন্টিমিটার দুরে ছিল। তার পাতাগুলো একটি একটি করে ঝড়ে পড়তে লাগলো। তার ডালপালাগুলো সব শুকিয়ে গেল এবং রাস্তার উপরে মাথা নুয়ে পড়লো। কিন্তু, অনেকচেষ্টা করে ড্যানিয়েলো তার মুখটি উপরের দিকে তুলতে সক্ষম হলো এবং সে হাসতে শুরু করলো কারণ সে জানতো যে সে কি অর্জন করেছিল।



৮ যদিও ড্যানিয়েলো রাস্তার ওপারে যেতে পারে নাই কিন্তু সে ঘাসের খুব কাছাকাছি ছিল যেখানে তার প্রজাতির ফুলগুলো জন্মাতে পারে এবং বেঁচে থাকতে পারে। তার সবগুলো পাতা ঝরে যাওয়ার পর হাজার হাজার ছোট ছোট সাদা রঙ্গের কিছু জিনিস ছাতার মত করে তার মাথা থেকে বের হতে লাগলো। এগুলো ছিল ঐ ফুলের বীজ এবং যখন বাতাস আসলো তখন সেগুলো উড়ে গিয়ে পাশের সেই ঘাসের জমিতে পড়লো। ড্যানিয়েলোকে ধন্যবাদ যে সবগুলো বীজ জীবন ফিরে পেল এবং অনেক সুন্দর ড্যানডেলিয়ন হলুদ ফুল হয়ে বড় হতে লাগলো। **তারা বেঁচে থাকতে পারলো কারণ ড্যানিয়েলো জীবনের মূল্য জানতো এবং বুঝতো যে জীবন খুবই মূল্যবান সম্পদ।**



বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

অংশগ্রহন

# কাজের পরিকল্পনা

## কাজ # ১   সিদ্ধান্ত গ্রহণ

ড্যানিয়েলার মতো, তোমার জীবনও ঈশ্বরের কাছ থেকে একটি গুপ্তধন, এবং তিনি চান তোমার জীবনটাকে সুরক্ষিত রাখতে তোমার পক্ষে যা কিছু করা সম্ভব তা তুমি করো। তিনি আরও চান যে তুমি তোমার জীবনকে অন্যদের সাহায্য করার জন্য এবং ঈশ্বরের জন্য বেঁচে থাকতে ব্যবহার করো। আর তুমি যদি ঈশ্বরের সাহায্য পেতে চাও তবে আমার সাথে এই প্রার্থনা করো...

## কাজ # ২ প্রার্থনা



পিতা ঈশ্বর, আমি যতবার আমার জীবনের কোন যত্ন নেই নাই এবং যা আমাকে কষ্ট দেয় সেই কাজ করেছি, সেই সমস্ত কাজের জন্য আমাকে ক্ষমা কর। আজকে তুমি আমাকে সাহায্য কর যেন আমি আমার জীবনের মূল্য বুঝি এবং যত্ন নেই কারণ এটি একটি মূল্যবান সম্পদ। যীশুর নামে, আমেন।

# চলো খেলা করি! খেলার প্রশ্নঃ



- গত সপ্তাহের পাঠে, আমরা জেনেছি যে সবচেয়ে সেরা জীবন রক্ষাকারী হচ্ছেন....কে?

  **যীশু**

- গত সপ্তাহের পাঠে, আমরা জেনেছি যে যীশু আমাদের কিসের জন্য মরেছেন?

  **পাপ**

- গত সপ্তাহের পাঠে, আমরা জেনেছি যে যীশু কিসের উপরে মারা গেছেন?

  **ক্রুশ**



বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ